জেলা ও মহানগর কমিটিকে অভিনন্দন জানিয়ে কানাইঘাটে স্বেচ্ছাসেবক দলের আনন্দ মিছিল

কানাইঘাট প্রতিনিধি :

নবগঠিত সিলেট জেলা ও মহানগর জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দকে অভিনন্দন জানিয়ে কানাইঘাটে আনন্দ মিছিল করেছে উপজেলা ও পৌর স্বেচ্ছা সেবক দলের নেতাকর্মীরা। রবিবার বিকেলে কানাইঘাট উত্তর বাজার থেকে শুরু হয়ে মিছিলটি পূর্ব বাজারে গিয়ে দলের কার্যালয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত পথ সভায় কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের নেতৃবৃন্দ সিলেটের রাজপথের লড়াকু সৈনিক সাবেক ছাত্রনেতা আব্দুল আহাদ খান জামাল'কে জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ও দেওয়ান জাকির হোসেন খানকে সদস্য সচিব ও মহানগরের আহ্বায়ক আব্দুল ওদুদ সুহেল ও সদস্য সচিব আজিজুল হোসেনকে দিয়ে কমিটি উপহার দেওয়ায় সিলেটের স্বেচ্ছা সেবক দলের সাংগঠনিক কার্যক্রম আরো শক্তিশালী হবে এবং আগামী দিনে রাজপথে নবগঠিত কমিটির নেতৃত্বে আন্দোলন সংগ্রাম জোরদার হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। পথসভায় বক্তব্য রাখেন কানাইঘাট উপজেলা ছাত্রদলের সাবেক সাধারন সম্পাদক আমিনুল ইসলাম, স্বেচ্ছা সেবক দল নেতা গোলাম মোস্তফা কামাল, সবুজ আহমদ, বদরুল আলম, এনাম উদ্দিন, দলাই মিয়া, রুহুল আমিন, কিবরিয়া আহমদ, আব্দুল করিম, রাসেল আহমদ, আশফাক আহমদ, আলফাস আহমদ, শাহার আহমদ, মোক্তার আহমদ, জাহিদ আল মিছবাহ, নাজমুল আলম, লায়েক আহমদ প্রমুখ।